ICT DIVISION

FUTURE IS HERE

BCC




# বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪

## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

## সম্পাদনায়

### জনাব সনৎ কুমার দাস

(আঞ্চলিক পরিচালক)

## সহযোগিতায়

### জনাব লায়লা আরজুমান বানু

(সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার)

### জনাব সুস্ময় বর্মন

কো-অর্ডিনেটর (সার্ভিস রিলেশনশিপ)

### জনাব শারমিন সুলতানা

টেকনিক্যাল রাইটার (চলতি দায়িত্ব)

ধন্যবাদান্তে

### ড. মোঃ সানোয়ার জাহান ভুঁইয়া

নির্বাহী পরিচালক

### জনাব মোঃ জফরুল আলম খান

সিনিয়র সিস্টেমস এনালিস্ট এবং ইনচার্জ (প্রশিক্ষণ ও উন্নয়ন)

# সূচিপত্র

১. ভূমিকা............................................................................................................১

১.১ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর পরিচিতি............................................১

১.১.১ প্রতিষ্ঠা.......................................................................................................১

১.১.২ রূপকল্প (Vision): ......................................................................................১

১.১.৩ অভিলক্ষ্য (Mission):...................................................................................১

১.১.৪ আঞ্চলিক কার্যালয়সমূহ...................................................................................২

১.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর পরিচিতি......................................................২

১.২.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ...................................................................................৩

১.২.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর জনবল কাঠামো.........................................৩

১.২.৩ দৈনন্দিন কার্যাবলি.........................................................................................৩

১.২.৪ সেবাসমূহ....................................................................................................৪

১.২.৫ বিসিসি রাজশাহী কার্যালয়ের বছর ভিত্তিক আইসিটি প্রশিক্ষণের সারসংক্ষেপ....................৫

১.২.৬ যোগাযোগ....................................................................................................৬

২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪.............................................................................৭

২.১ এপিএ লক্ষ্যমাত্রা ও অর্জন........................................................................................৭

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ বাস্তবায়নে কর্মপরিকল্পনা.........................................৮

৩. দক্ষ মানব সম্পদ উন্নয়ন.........................................................................................৮

৩.১ বিসিসি রাজশাহী কার্যালয়ে অনুমোদিত প্রশিক্ষণের তালিকা.......................................৮-৯

৩.২ বিসিসি, রাজশাহী কার্যালয়ে মানব সম্পদ উন্নয়নে অন্যান্য আইসিটি কোর্স সমূহ................৯

৩.৩ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলী...............................................................................৯-১০

৩.৪ জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণসমূহের সারসংক্ষেপ............................১০-১১

৩.৫ জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত চলমান ও সমাপ্ত প্রশিক্ষণসমূহ.............................১১

৩.৫.১ নিয়মিত প্রশিক্ষন কার্যক্রম......................................................................১১-১৬

৩.৬ আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ/ইভেন্ট/প্রোগ্রামিং প্রতিযোগিতা........।..........................১৬

৩.৬.১ স্মার্ট বাংলাদেশ: চতুর্থ শিল্প বিপ্লব ও প্রযুক্তি নির্ভর সমাজ" শীর্ষক সেমিনারের প্রতিবেদন...........................................................................................১৬-১৯

৩.৬.২ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিসিসি রাজশাহীতে ই-স্বাক্ষর এর ব্যবহার শীর্ষক সেমিনারের প্রতিবেদন.................................................................................১৯-২১

৩.৬.৩ প্রোগ্রামিং প্রতিযোগিতা..........................................................................২১

৩.৬.৩.১ বিসিসি, আঞ্চলিক কার্যালয় রাজশাহী এর আয়োজনে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রোগ্রামিং প্রতিযোগীতা-২০২৪ এর পরিবীক্ষণ ও মূল্যায়ণ প্রতিবেদন..........................................................................২১-২৮

৪. বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর সেবাসমূহ.............................................................২৮

৪.১ পরামর্শ সেবা......................................................................................২৮-২৯

৪.২ ল্যাব ভাড়া..........................................................................................২৯

৪.৩ জাতীয় নেটওয়ার্ক কানেক্টিভিটি ও ভিডিও কনফারেন্স নিরবিচ্ছিন্ন রাখার কারিগরি সেবা...................................................................................২৯-৩১

৫ বিভিন্ন জাতীয় দিবস সমূহ পালন.............................................৩১-৩২

# ১. ভূমিকা

## ১.১ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর পরিচিতি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) বৈষম্যহীন গণতান্ত্রিক উন্নত বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালনকারী অন্যতম প্রতিষ্ঠান। বর্তমান সরকার বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন আরও বেগবান করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে চালিকা শক্তি হিসেবে গণ্য করে বৈষম্যহীন গণতান্ত্রিক উন্নত বাংলাদেশ এর লক্ষ্য মাত্রা অর্জনে তথা দেশকে উন্নত দেশ হিসেবে গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। যুব সমাজের আইসিটি অবকাঠামোর উন্নয়ন ও সম্প্রসারণ, তথ্যের সহজলভ্যতা, ই-সার্ভিস সহজীকরণের মাধ্যমে ই-সরকার প্রতিষ্ঠা, সুশাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠাকরণ এবং আইনানুগ ন্যায়সঙ্গত রাষ্ট্র পরিচালনা ব্যবস্থায় সকলের সুষম অংশগ্রহণ নিশ্চিত করা ইত্যাদি বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে দেশকে অগ্রগামী করে তুলতে নানাবিধ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। বিসিসি সরকারি পর্যায়ে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আইসিটি অবকাঠামো উন্নয়ন, ই-গভর্নেন্স, আইসিটি সক্ষমতা উন্নয়ন, আইসিটি শিল্প উন্নয়ন, সরকারি সমস্ত তথ্যের সংরক্ষাগার হিসেবে ডেটা সেন্টার স্থাপন, প্রদত্ত সরকারি সকল সেবা অনলাইনে চালুকরণ, আইসিটিতেবাংলা ভাষার প্রয়োগ, ব্যবহার ও উন্নয়ন এবং সর্বোপরি দেশে উদ্ভাবনী ও স্টার্টআপ সংস্কৃতির উন্নয়নে কাজ করছে।

### ১.১.১ প্রতিষ্ঠা

এ প্রতিষ্ঠানটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের ধারাবাহিকতায় ধাপে ধাপে বাংলাদেশে কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হিসেবে প্রতিষ্ঠিত হয়-




জাতীয় সংসদের ১৯৯০ সালের ৯নং আইন বলে জাতীয় কম্পিউটার বোর্ড-কে রূপান্তরিত করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল” নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে প্রতিষ্ঠা করা হয় যা রাষ্ট্রপতির সচিবালয়ের অধীন পরিচালিত হতে থাকে। ১৯৯১ সালে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে তৎকালীন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (পরবর্তীকালে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)-এর অধীন ন্যস্ত করা হয়। বিগত ডিসেম্বর ২০১১ হতে বিসিসি নবসৃষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে।

### ১.১.২ রূপকল্প (Vision):

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমুখী ব্যবহারের মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

### ১.১.৩ অভিলক্ষ্য (Mission):

স্বচ্ছতা নিরপত্তা এবং দক্ষতার সাথে সরকারি সেবা উন্নয়ন ও প্রদানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশের ডিজিটাইজেশন এবং আইটি শিল্পের রপ্তানি ও কর্মসংস্থানে জাতীয় লক্ষ্য অর্জনে কার্যক্রম বাস্তবায়ন।

### ১.১.৪ আঞ্চলিক কার্যালয়সমূহ

বাংলাদেশের বিভিন্ন বিভাগে মাঠ পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর আঞ্চলিক কার্যালয়গুলি প্রতিষ্ঠা করা হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বর্তমানে মোট ৭টি আঞ্চলিক কার্যালয় রয়েছে। এগুলো হলো-

১. রাজশাহী আঞ্চলিক কার্যালয়

২. চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়

৩. খুলনা আঞ্চলিক কার্যালয়

৪. সিলেট আঞ্চলিক কার্যালয়

৫. বরিশাল আঞ্চলিক কার্যালয়

৬. ফরিদপুর আঞ্চলিক কার্যালয়

৭. রংপুর আঞ্চলিক কার্যালয়

এছাড়াও বিসিসির ৩৯তম কাউন্সিল সভায় নতুন সৃষ্ট ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ সদর ও জামালপুর সদর, গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ এবং কক্সবাজারের রামুতে বিসিসির নতুন ৫টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

## ১.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর পরিচিতি

বিসিসির মিশন ও ভিশনকে সামনে রেখে “বিভাগীয় সদরে স্ট্যান্ডার্ড কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিচালনা” শীর্ষক প্রকল্পের অধীনে রাজধানী শহরের বাহিরে সাতটি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠা করা হয়। এই প্রকল্পটি ০৫ অক্টবর ২০০৯ তারিখে রাজস্ব বাজেটে অন্তর্ভুক্ত হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি)-এর রাজশাহী আঞ্চলিক কার্যালয় আইসিটি বিশেষজ্ঞদের একটি ছোট দল নিয়ে কার্যক্রম শুরু করে এবং ধীরে ধীরে এর কার্যক্রম প্রসারিত করে। প্রতিষ্ঠানটি এই অঞ্চলে আইসিটি সম্পর্কিত বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছে, যেমন স্কুল কলেজে কম্পিউটার ল্যাব স্থাপন,ই-কমার্স প্ল্যাটফর্মের উন্নয়ন এবং ডিজিটাল সরকারি পরিষেবা চালু করা। বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় এ অঞ্চলের বিভিন্ন শিক্ষার্থী ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ICT সক্ষমতা বৃদ্ধির কার্যক্রমে জড়িত। এটি কম্পিউটার লিটারেসি,সফটওয়ার ডেভেলপমেন্ট এবং সাইবার সিকিউরিটি সহ ICT এর বিভিন্ন দিক নিয়ে বিভিন্ন কর্মশালা,সেমিনার ও প্রশিক্ষণ সেশন পরিচালনা করছে। সাম্প্রতিক বছরগুলোতে চতুর্থ শিল্পবিপ্লবকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় বিভিন্ন সেক্টরে কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লকচেইন এবং ইন্টারনেট অফ থিংস (IoT) এর মতো উদীয়মান প্রযুক্তির ব্যবহার প্রচারের দিকে মনোনিবেশ করেছে। এটি সরকারি সংস্থাগুলির সাথে ঘনিষ্টভাবে কাজ করছে যাতে তারা এই প্রযুক্তিগুলি গ্রহণ করতে পারে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য এসব প্রযুক্তিগত সুবিধাগুলিকে কাজে লাগাতে পারে।

১৯৯৯ সালের ১ সেপ্টেম্বর তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আঞ্চলিক কার্যালয়, রাজশাহী প্রতিষ্ঠা করা হয় এবং কার্যক্রম শুরু করে। এটি রাজশাহী জেলার বোয়ালিয়া থানার আলুপট্টিতে অবস্থিত। এ কার্যালয়ের  নিজস্ব স্থায়ী অবকাঠামো নেই।বর্তমানে ভাড়া অফিসে এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্থায়ী অবকাঠামোর জন্য জমি বরাদ্দ পাওয়া গেছে। জমি রেজিস্ট্রেশনের কাজ চলমান রয়েছে।

### ১.২.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

- আঞ্চলিক পর্যায়ে ডিজিটাল বৈষম্য দূরীকরণ
- তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
- আঞ্চলিক পর্যায়ে ই-গভর্নেন্স বাস্তবায়ন এবং স্থানীয় আইসিটি শিল্পের প্রসার

### ১.২.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর জনবল কাঠামো

| ক্রমিক | পদ | গ্রেড | অনুমোদিত জনবল | বর্তমান জনবল |
|---|---|---|---|---|
| ১ | আঞ্চলিক পরিচালক | ৫ | ১ | ১ |
| ২ | প্রোগ্রামার | ৬ | ১ | - |
| ৩ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৯ | ১ | ১ |
| ৪ | সহকারী প্রোগ্রামার | ৯ | ১ | - |
| ৫ | ল্যাব সহকারী | ১৭ | ২ | - |
| ৬ | আউটসোর্সিং | - | ৩ | ৩ |

* টেকনিক্যাল রাইটার এবং অফিস সহায়ক পদে ১ জন করে কর্মরত রয়েছেন।

### ১.২.৩ দৈনন্দিন কার্যাবলি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আঞ্চলিক কার্যালয়গুলি প্রধানত নিম্নলিখিত কাজগুলি করে থাকে-

১। তথ্য ও প্রযুক্তি বিষয়ক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা;
২। প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও তথ্য সম্প্রসারণ বিষয়ে জনগণের সচেতনতা বৃদ্ধি করা;
৩। বিভিন্ন সরকারি দপ্তরের চাহিদা ভিত্তিক আইসিটি বিষয়ক পরামর্শ সেবা প্রদান;
৪। প্রযুক্তি বিষয়ক প্রতিযোগিতা, ক্যাম্পেইন এবং অন্যান্য সংগঠিত কর্মসূচি সম্পন্ন করা;
৫। বিভিন্ন প্রযুক্তি বিষয়ক সেমিনার, ওয়ার্কশপ ও ট্রেনিং সেশন আয়োজন করা;
৬। প্রযুক্তি বিষয়ক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে বিভিন্ন প্রকল্প সম্পন্ন করা;
৭। অন্যান্য প্রতিষ্ঠানে প্রযুক্তি বিষয়ক সেমিনার, কনফারেন্স এবং প্রশিক্ষণে আলোচক হিসেবে অংশগ্রহণ করা ।

## ১.২.৪ সেবাসমূহ

- তথ্য প্রযুক্তি নির্ভর মানব সম্পদ উন্নয়ন;
- সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির প্রসারে মাঠ প্রশাসনকে সহায়তা প্রদান করা;
- বিভাগীয়/জেলা/আঞ্চলিক পর্যায়ে তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্প উন্নয়ন ও বিকাশে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- তথ্য প্রযুক্তি বিষয়ক জরুরী অবস্থা মোকাবেলায় সহায়তা প্রদান;
- সরকারি বেসরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তি ব্যবহার উদ্বুদ্ধ করা, পরামর্শ ও সহায়তা প্রদান;
- আঞ্চলিক পর্যায়ে জাতীয় আইসিটি নীতিমালাসহ জাতীয় কৌশল ও নীতিমালা বাস্তবায়নে সহায়তা প্রদান;
- মাঠ পর্যায়ে স্থাপিত নেটওয়ার্ক ও ভিডিও কনফারেন্স সেবা প্রদান;
- বিসিসি-কর্তৃক স্থাপিত আইসিটি স্থাপনাসমূহের পরিবীক্ষণ;
- স্থানীয় পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে কম্পিউটার জনবল নিয়োগ সহায়তা প্রদান;
- বিভিন্ন সংস্থায় কম্পিউটার অকেজো ঘোষণা নীতিমালা বাস্তবায়নে সহায়তা প্রদান;
- ডিজিটাল বৈষম্য দুরীকরণে প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠান সমূহে নেটওয়ার্ক পরিষেবা প্রদান;
- মাঠ পর্যায়ে বিসিসির প্রকল্পসমূহ বাস্তবায়নে সহায়তা করা;
- আইসিটি যন্ত্রপাতি ও দ্রব্যাদির নির্ধারিত স্পেসিফিকেশন ও মান সম্পর্কে অবহিতকরণ এবং প্রয়োজনে তা নির্ধারণ;
- বিসিসি কর্তৃক স্থাপিত কম্পিউটার ল্যাব ও অন্যান্য আইসিটি অবকাঠামোর কার্যকর ব্যবহারকল্পে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান;
- বিভাগীয়/জেলা/আঞ্চলিক পর্যায়ের চাহিদানুসারে কোর্স ডিজাইন, কারিকুলাম প্রণয়ন ও কোর্স পরিচালনা;
- বিভাগীয়/জেলা/আঞ্চলিক পর্যায়ে বিজ্ঞান এবং তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট প্রতিযোগিতা আয়োজন;
- বিভাগীয়/জেলা/আঞ্চলিক পর্যায়ে কম্পিউটার বা তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞদের সাথে নেটওয়ার্কিং এবং জাতীয় লক্ষ্য অর্জনে সহায়তা গ্রহণ ও প্রদান;
- স্থানীয় পর্যায়ে সাশ্রয়ী সফটওয়্যার ও হার্ডওয়্যার সলুশন ব্যবহারে উৎসাহ প্রদান এবং এ সম্পর্কে পরামর্শ সেবা প্রদান।
- ওয়েব সাইটে আঞ্চলিক কার্যালয়ের কর্মকান্ড উপস্থাপন;
- বিসিসি প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত অন্য যেকোনো কার্য সম্পাদন।

## ১.২.৫ বিসিসি রাজশাহী কার্যালয়ের বছর ভিত্তিক আইসিটি প্রশিক্ষণের সারসংক্ষেপ

| সাল | মোট ব্যাচ | পুরুষ | মহিলা | মোট প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|---|
| ২০০৯-১০ | ১৬ | ২৪১ | ১২৮ | ৩৬৯ |
| ২০১০-১১ | ২৫ | ৩৩৭ | ১৩৭ | ৪৭৪ |
| ২০১১-১২ | ৩২ | ৪৪৭ | ১৪৯ | ৫৯৬ |
| ২০১২-১৩ | ১৫ | ১৮১ | ৭৩ | ২৫৪ |
| ২০১৩-১৪ | ১৭ | ২৫৯ | ১০৫ | ৩৬৪ |
| ২০১৪-১৫ | ২৩ | ৩৭৪ | ৯২ | ৪৬৬ |
| ২০১৫-১৬ | ১৬ | ২১৭ | ১০০ | ৩১৭ |
| ২০১৬-১৭ | ১৪ | ১৮৯ | ৮৪ | ২৭৩ |
| ২০১৭-১৮ | ১৬ | ১৫৭ | ১৬১ | ৩১৮ |
| ২০১৮-১৯ | ২০ | ২৪৯ | ১৪৫ | ৩৯৪ |
| ২০১৯-২০ | ২৫ | ২৬৭ | ১৮৮ | ৪৫৫ |
| ২০২০-২১ | ১ | ১৮ | ২ | ২০ |
| ২০২১-২২ | ৮ | ১০২ | ৫১ | ১৫৩ |
| ২০২২-২৩ | ১৩ | ১৯২ | ৮১ | ২৭৩ |
| ২০২৩-২৪ | ১৪ | ১৫৪ | ১২০ | ২৭৪ |
| মোট | ২৫৫ | ৩৩৮৪ | ১৬১৬ | ৫০০০ |

### ১.২.৬ যোগাযোগ

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
আঞ্চলিক কার্যালয়, রাজশাহী
"দৈনিক বার্তা কমপ্লেক্স", ৬ষ্ঠ তলা, আলুপট্টি, ঘোড়ামারা, রাজশাহী
ফোনঃ ০২৫৮৮৮৫১৫০২

ই-মেইলঃ rajshahi@bcc.gov.bd

ওয়েবসাইটঃ rajshahi.bcc.gov.bd/

ফেসবুকঃ- www.facebook.com/BCC.Rajshahi

# ২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪

## ২.১ এপিএ লক্ষ্যমাত্রা ও অর্জন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূলত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা দলিল। সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে। এ চুক্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ, এ সকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এ সকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ বিধৃত থাকে। সংশ্লিষ্ট অর্থবছর সমাপ্ত হওয়ার পর ঐ বছরের চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রকৃত অর্জন মূল্যায়ন করা হয়। মাঠ পর্যায়ে বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী-এর আঞ্চলিক পরিচালক ও বিসিসি প্রধান কার্যালয়ের নির্বাহী পরিচালকের মধ্যে এই সমঝোতা দলিল স্বাক্ষরিত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ অনুযায়ী যে কার্যক্রমসমূহ সম্পাদনা করা হয় তার গুরুত্বপূর্ণ কিছু বিষয়ের অর্জন তুলে ধরা হল-

| ক্রম | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত প্রশিক্ষণ | ১৮০ | ১৯৪ |
| ২ | ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক এর আওতায় সংযুক্ত দপ্তর সমূহে প্রয়োজনীয় নেটওয়ার্ক সেবা প্রদান | ৬০০ | ৮৯৩ |
| ৩ | ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা | ২০ | ৩৬ |
| ৪ | স্থানীয় পর্যায়ে Multi Conference চালুকরণ | ১৫/০৫/২০২৪ | ০৭/০২/২০২৪ |
| ৫ | ই-গভার্ন্যান্স বাস্তবায়নে প্রশিক্ষণ | ২০ | ২০ |
| ৬ | ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রদান ও ই-সাইন সংক্রান্ত সেবার কার্যক্রম চালুকরণ | ১৫/০৫/২০২৪ | ০৩/০১/২০২৪ |
| ৭ | সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ | ১০ | ১৩ |
| ৮ | নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | ২০ | ২০ |
| ৯ | প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ | ২০ | ৪০ |
| ১০ | আইসিটি রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের পরামর্শ সেবা প্রদান | ৪০ | ৫৫ |
| ১১ | ৪র্থ শিল্পবিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি ও সক্ষমতা উন্নয়নে সেমিনার/কর্মশালা | ১ | ১ |
| ১২ | আইটিইই পরীক্ষা প্রদানে উৎসাহি করতে বিশ্ববিদ্যালয় সমূহে ক্যাম্পেইন/সেমিনার আয়োজন | ২ | ১ |
| ১৩ | ই-স্বাক্ষর বিষয়ক সেমিনার /কর্মশালা | ১ | ১ |
| ১৪ | স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন | ১ | ১ |

## ২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ বাস্তবায়নে কর্মপরিকল্পনা

জুলাই ২০২৩ - জুন ২০২৪ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে প্রণয়ন করা হয়েছে এবং পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্তসমূহ গুরুত্বসহকারে বাস্তবায়ন করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনদের অংশগ্রহণে ২ (দুই) টি সভা আয়োজন করা হয়েছে। বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ দেয়া হয়েছে।

কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখা, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা এবং ইনডোর প্লান্ট স্থাপন করে সৌন্দর্য বৃদ্ধি করা হয়েছে। ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা হয়েছে। সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করা হয়েছে।

# ৩. দক্ষ মানব সম্পদ উন্নয়ন

আইটি খাতে দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হলো আইসিটি শিল্প ক্যারিয়ার গড়তে আগ্রহী বা পেশাদার ব্যক্তিদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পৃষ্ঠপোষকতার মাধ্যমে তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটানো। পেশাগত উন্নয়নের জন্য কর্মজীবনে প্রবেশের পূর্বে বা পরে যেকোন সময় প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ বিষয়। কারণ, নিজেকে যোগ্য করে তুলতে প্রশিক্ষণের বিকল্প নেই। দেশের বিপুল সংখ্যক তরুণ বেকার জনগোষ্ঠীর জন্য আইটি সেক্টরে অবারিত সুযোগ থাকলেও দক্ষতার ঘাটতি রয়েছে। বর্তমানে সরকার তথ্যপ্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ পেশাদার, ফ্রিল্যান্সার বা স্টার্টআপ তৈরি করার জন্য বদ্ধপরিকর। কারণ এই বিশাল তরুণ জনগোষ্ঠীকে নিজেদের আর্থিক উন্নয়ন এবং সর্বোপরি দেশের উন্নয়নে অবদান রাখতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং নিজ নিজ কারিগরি জ্ঞানে আরো বেশি পারদর্শী করতে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয় থেকে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। এছাড়াও নারী উদ্যোক্তা ও পিছিয়ে পরা জনগোষ্ঠী বিশেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ণে ও ভাগ্য উন্নয়নে বিভিন্ন আইসিটি প্রশিক্ষণ কোর্স সম্পূর্ণ বিনামূল্যে ও ভাতাসহ প্রদান কর হয়।

## ৩.১ বিসিসি রাজশাহী কার্যালয়ে অনুমোদিত প্রশিক্ষণের তালিকা

- IT Security & Technology Awareness (ISTA)
- Coding for Juniors using Scratch (CFJS)
- Coding for Juniors using Python (CFJP)
- Python Programming for all (PPFA)
- Introduction to Robotics & IOT for Juniors (RIOT)
- Maintenance and Troubleshooting of Computer Hardware and Network
- Cloud Accounting (CA)
- Geographic Information System (GIS)
- Freelancing Skills, Techniques & Communicative English (FSTCE)
- Professional Course on Webpage Design (PCWD)
- Professional Course on UI/UX Design (PCUIUX)
- 3D Graphics Design & Multimedia
- Course on Digital Marketing (CDM)
- Graphics Design & Multimedia (GDM)
- Professional Course on Robotics & Internet of Things (IoT) (PCRI)
- Professional Course on Network Administration & ISP setup (PCNAI)

- Professional Course on Web Application & Software Development (PCWASD)
- Android Apps Development (AAD)
- Professional Course on Cyber Security & Ethical Hacking (PCCSEH)
- MERN Stack Development (MSD)
- Computer Applications for Smart Office Management (CASOM)
- C Programming for Young Learns (CPYL)
- Diploma in Information and Communication Technology (DICT)
- Computer Applications for Smart Office Management (CASOM) under WID
- Diploma in Web Application Development (DWAD)
- Diploma in Graphic Design and Multimedia Technology (DGMT)
- Diploma in Network Administration and Management (DNAM)
- Website Design & Application Development and Outsourcing Technique (WAOT)
- Professional web design & development and outsourcing technique (PWDOT)
- Professional Course for Auto CAD (2D & 3D Modeling) (PCAC)
- Professional web application development and outsourcing technique (PWADOT)
- Advanced Office Applications Specialized on Excel and Access (AOASEA)
- Use of Smart Tools for Government Officials (USTGO)
- Introducing ৪IR Technologies for Smart Bangladesh (4IR)

## ৩.২ বিসিসি, রাজশাহী কার্যালয়ে মানব সম্পদ উন্নয়নে অন্যান্য আইসিটি কোর্স সমূহ

| | |
|---|---|
| কাস্টমাইজড কোর্স | প্রধান কার্যালয়ের অনুমোদক্রমে রাজশাহী আঞ্চলিক কার্যালয় বিভিন্ন প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি) চাহিদা অনুযায়ী কোর্স পরিচালনা করতে পারে। কোনো প্রতিষ্ঠান বিসিসি রাজশাহী কার্যালয়ে প্রশিক্ষণ কোর্স করাতে চাইলে নিয়ম অনুসরণপূর্বক আবেদন করতে পারে। |
| প্রকল্পের কোর্স | আইসিটি বিভাগ ও বিসিসি কর্তৃক স্থানীয় পর্যায়ে চলমান নানা প্রকল্পের চাহিদা ভিত্তিক ট্রেইনিং কোর্স বিসিসি রাজশাহী কার্যালয়ে পরিচালনা করা হয়। |

## ৩.৩ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলী

- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
- প্রার্থীর অবশ্যই ভর্তি ইচ্ছুক কোর্সের জন্য উল্লিখত যোগ্যতা থাকতে হবে;
- ভর্তির সময় ও তারিখ সরাসরি আঞ্চলিক কার্যালয়ে/ওয়েবসাইটে/ফেসবুক পেইজে পাওয়া যাবে;
- নির্দিষ্ট কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ফি কার্যালয়ের ব্যাংক হিসেবে পরিশোধ করতে হবে।
- প্রতি ব্যাচে আসনের পরিমাণ ২০টি, তাই আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ভর্তি করা হয়।

## প্রশিক্ষণে ভর্তির জন্য নিম্নরূপ কাগজপত্রাদি অবশ্যই সঙ্গে আনতে হবে

- সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি;
- সদ্যতোলা দুই কপি পাসপোর্ট আকৃতির ছবি ও জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটোকপি;
- বিসিসি কর্তৃক নির্ধারিত ব্যাংকে হিসাবে ভর্তি ফি জমার রশিদ;
- প্রতিবন্ধিদের ক্ষেত্রে সুবর্ণ নাগরিক সনদের ফটোকপি সঙ্গে আনতে হবে।

## প্রশিক্ষণ পদ্ধতি

- আধুনিক কম্পিউটার ল্যাবে প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য পৃথক কম্পিউটার ব্যবহারের সুবিধা;
- বিনামূল্যে খাতা, কলম, ফোল্ডার/ব্যাগ, প্রশিক্ষণ ম্যানুয়াল ;
- সফলতার সহিত কোর্স সম্পন্নকারীদের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে সার্টিফিকেট প্রদান;
- প্রাকটিসের সময় সার্বক্ষণিক একজন প্রশিক্ষকের উপস্থিতি;
- কোর্সের প্রতিটি মডিউল শেষে মূল্যায়ন পরীক্ষার ব্যবস্থা;
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের জন্য রিফ্রেশমেন্ট এর ব্যবস্থা;
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যাকআপ রাখার জন্য জেনারেটর সুবিধা;
- বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা প্রশিক্ষণ প্রদান।

## ৩.৪ জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণসমূহের সারসংক্ষেপ

| ক্রমিক | ব্যাচ | পুরুষ | নারী | মোট প্রশিক্ষণার্থী | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | সনদপ্রাপ্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | DICT-৩২ | ১৩ | ০৭ | ২০ | ১৬.০৯.২০২৩ | ১৫.০৫.২০২৪ | ১৯ |
| ২. | ICAP-২৪১ | ০৯ | ১১ | ২০ | ০২.০৮.২০২৩ | ১২.১০.২০২৩ | ২০ |
| ৩. | ICAP-২৪২ | ১০ | ১০ | ২০ | ২০.০৮.২০২৩ | ৩১.১০.২০২৩ | ১৬ |
| ৪. | ICAP-২৪৪ | ১০ | ১০ | ২০ | ১০.১০.২০২৩ | ২৪.১২.২০২৩ | ১৯ |
| ৫. | ICAP-২৪৩ | ১১ | ০৯ | ২০ | ১৫.১০.২০২৩ | ২৪.১২.২০২৩ | ১৮ |
| ৬. | ICAP-২৪৫ | | ১৯ | ১৯ | ২১.০১.২০২৪ | ২৫.০৩.২০২৪ | ১৮ |
| ৭. | ECSD-০৩ | ১৫ | ০৫ | ২০ | ২১.০১.২০২৪ | ১০.০৩.২০২৪ | ২০ |
| ৮. | CJS-০১ | ১২ | ০৫ | ১৭ | ০১.০৩.২০২৪ | ২৭.০৪.২০২৪ | ১৫ |
| ৯. | CPYL-০৩ | ১৫ | ০৩ | ১৮ | ২৪.০৩.২০২৪ | ৩০.০৪.২০২৪ | ১৮ |
| ১০. | ICAP-২৪৭ | ১২ | ০৮ | ২০ | ২১.০৪.২০২৪ | ১১.০৬.২০২৪ | ১৭ |
| ১১. | ECSD-০৪ | ১৩ | ০৭ | ২০ | ২২.০৪.২০২৪ | ৩০.০৫.২০২৪ | ২০ |

| ক্রমিক | ব্যাচ | পুরুষ | নারী | মোট প্রশিক্ষণার্থী | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | সনদপ্রাপ্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১২. | ICAP-২৪৬ | ১৪ | ০৬ | ২০ | ২৩.০৪.২০২৪ | ১৩.০৬.২০২৪ | ১৮ |
| ১৩. | WIFI-০৬ | | ২০ | ২০ | ০৫.০৫.২০২৪ | ১৩.০৫.২০২৪ | ১৮ |
| ১৪. | E-GOV./২০২৪ | ২০ | | ২০ | ১১.০৬.২০২৪ | ১১.০৬.২০২৪ | ২০ |
| মোট | | ১৫৪ | ১২০ | ২৭৪ | | | ২৫৫ |

## ৩.৫ জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত সমাপ্ত প্রশিক্ষণসমূহ

### ৩.৫.১ নিয়মিত প্রশিক্ষন কার্যক্রম

২০২৩-২০২৪ অর্থ বছরে (জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪) বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এ ১টি (৬মাস মেয়াদী) ডিপ্লোমা ও ৯টি স্বল্পমেয়াদী কোর্সের আওতায় মোট ১৯৪ (একশত চুরানব্বই) জনকে আইসিটি বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়ন শীর্ষক ০২টি প্রশিক্ষণে ৪০ জনকে এবং নারীর উন্নয়ন/ক্ষমতায়ন প্রশিক্ষণে ১টি ব্যাচে ২০জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-গভার্ন্যান্স বাস্তবায়ন সংক্রান্ত ১টি প্রশিক্ষণে ২০ জন সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ১। Diploma in Information & Communication Technology (DICT-32)

১৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৬ মাস মেয়াদী দিবাকালীন ডিপ্লোমা কোর্স Diploma in Information & Communication Technology এর DICT-32 ব্যাচের শুভ উদ্বোধনী ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১৩ জন পুরুষ এবং ৭ জন নারী) অংশগ্রহণ করেন। ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ ব্যাচটি সমাপ্ত হয়। ব্যাচের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব সনৎ কুমার দাস, আঞ্চলিক পরিচালক, বিসিসি, রাজশাহী, জনাব লায়লা আরজুমান বানু, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, রাজশাহী এবং উক্ত কোর্সের প্রশিক্ষক জনাব মোঃ তুহিন ইসলাম।





## ২। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-241)

০২/০৮/২০২৩ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪১তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (০৯ জন পুরুষ এবং ১১ জন নারী) অংশগ্রহণ করেন। ১২/১০/২০২৩ খ্রিঃ তারিখে ICAP-241 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।



## ৩। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-242)

২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪২তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১০ জন পুরুষ এবং ১০ জন নারী) অংশগ্রহণ করেন। ৩১/১০/২০২৩ খ্রিঃ তারিখে ICAP-242 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।

## ৪। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-243)

১৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪৩তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১১ জন পুরুষ এবং ০৯ জন নারী) অংশগ্রহণ করেন। ২৪/১২/২০২৩ খ্রিঃ তারিখে ICAP-243 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।

## ৫। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-244)

১০/১০/২০২৩ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪৪তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১০ জন পুরুষ এবং ১০ জন নারী) অংশগ্রহণ করেন। ২৪/১২/২০২৩ খ্রিঃ তারিখে ICAP-244 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।

## ৬। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-245)

২১/০১/২০২৪ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪৫ তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১০ জন নারী) অংশগ্রহণ করেন। ২৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখে ICAP-245 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।





## ৭। Essential Computer Skills for Persons with Disabilities (ECSD-03)

২১/০১/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ২৪ দিন ব্যাপী বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের জন্য বিনামূল্যে কম্পিউটার বেসিক “Essential Computer Skills for Persons with Disabilities” কোর্সের ECSD-03 ব্যাচ শুভ উদ্বোধনী ক্লাস হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উক্ত কোর্সের প্রশিক্ষক এবং সহকারী প্রশিক্ষক EPWDICT প্রকল্পের জনাব মোঃ তুহিন ইসলাম এবাং জনাব নাজনীন আকতার। কোর্সটিতে মোট ২০ জন প্রশক্ষণার্থী, ১৫ জন পুরুষ ও ৫ জন নারী অংশগ্রহণ করেন।

১০/০৩/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ECSD-03 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক জনাব সনৎ কুমার দাস। কোর্স শেষে প্রশিক্ষণার্থীদেরকে যাতায়াত ভাতা প্রদান করা হয়।





## ৮। Coding for Junior using Scratch (CJS-01)

০১/০৩/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ১৫ দিন ব্যাপী ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের নিয়ে Coding for Junior using Scratch কোর্সের CJS-01 ব্যাচ শুভ উদ্বোধনী ক্লাস হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স বাংলাদেশের ফাউন্ডার এন্ড সিনিয়র ট্রেইনার শাহিদা আফরিন। কোর্সটিতে মোট ১৭ জন প্রশিক্ষণার্থী, ১২ জন পুরুষ ও ৫ জন নারী।

২৭/০৪/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে CJS-01 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহবুব করিম, ম্যানেজার (ইন্টার্ণশীপ), বিসিসি এবং জনাব লায়লা আরজুমান বানু, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, রাজশাহী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক জনাব সনৎ কুমার দাস।





## ৯। C Programming for Young Learners (CPYL-03)

২৪/০৩/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ১০ দিন ব্যাপী ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের নিয়ে C Programming for Young Learners কোর্সের CPYL-03 ব্যাচ শুভ উদ্বোধনী ক্লাস হয়। কোর্সটিতে মোট ১৭ জন প্রশিক্ষণার্থী, ১২ জন পুরুষ ও ৫ জন নারী।

৩০/০৪/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে CPYL-03 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব সঞ্জয় কুমার চক্রবর্তী, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী এবং জনাব লায়লা আরজুমান বানু, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, রাজশাহী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক জনাব সনৎ কুমার দাস।




## ১০। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-247)


২১/০৪/২০২৪ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪৭তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১২ জন পুরুষ এবং ০৮ জন নারী) অংশগ্রহণ করেন। ১১/০৬/২০২৪ খ্রিঃ তারিখে ICAP-247 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।



## ১১। Essential Computer Skills for Persons with Disabilities (ECSD-04)

২২/০৪/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ২৪ দিন ব্যাপী বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের জন্য বিনামূল্যে কম্পিউটার বেসিক “Essential Computer Skills for Persons with Disabilities” কোর্সের ECSD-04 ব্যাচ শুভ উদ্বোধনী ক্লাস হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উক্ত কোর্সের প্রশিক্ষক এবং সহকারী প্রশিক্ষক EPWDICT প্রকল্পের জনাব মোঃ তুহিন ইসলাম এবাং জনাব নাজনীন আকতার। কোর্সটিতে মোট ২০ জন প্রশিক্ষণার্থী (১৩ জন পুরুষ ও ৭ জন নারী)।

৩০/০৫/২০২৪ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ECSD-04 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক জনাব সনৎ কুমার দাস। কোর্স শেষে প্রশিক্ষণার্থীদেরকে যাতায়াত ভাতা প্রদান করা হয়।



## ১২। Introduction To Computer Application Packages and Unicode Bangla (ICAP-246)

২৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৩ মাস মেয়াদী ICAP কোর্সের ২৪৬তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০জন প্রশিক্ষণার্থী (১৪ জন পুরুষ এবং ০৬ জন নারী) অংশগ্রহণ করেন। ১৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখে ICAP-246 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।



## ১৩। Women Entrepreneurship Development (WIFI-06)

০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ৭ দিন মেয়াদী WIFI কোর্সের ০৬তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০ জন নারী প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ১৩/০৫/২০২৪ খ্রিঃ তারিখে WIFI-06 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।




## ১৪। SMART office Management Using smart tools (E-GOV./2024)

২৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখে বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ১ দিন মেয়াদী ICAP কোর্সের ২৪৬তম ব্যাচের শুভ উদ্বোধন ক্লাস অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ২০ জন প্রশিক্ষণার্থী (১৪ জন পুরুষ এবং ০৬ জন নারী) অংশগ্রহণ করেন। ১৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখে ICAP-246 ব্যাচের সমাপনী ক্লাস অনুষ্ঠিত হয়।





## ৩.৬ জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পযন্ত আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ/ইভেন্ট/প্রোগ্রামিং প্রতিযোগিতা

### ৩.৬.১ স্মার্ট বাংলাদেশ: চতুর্থ শিল্প বিপ্লব ও প্রযুক্তি নির্ভর সমাজ" শীর্ষক সেমিনারের প্রতিবেদন।

| | |
|---|---|
| নাম | স্মার্ট বাংলাদেশ: চতুর্থ শিল্প বিপ্লব ও প্রযুক্তি নির্ভর সমাজ |
| সেমিনারের শুরুর তারিখ | ২০.০৫.২০২৪ খ্রিঃ |
| সময় | সকাল ০৯.৪৫ ঘটিকায় থেকে বিকেল ০৪টা পর্যন্ত |
| সেমিনারের স্থান | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), আঞ্চলিক কার্যালয়, রাজশাহী |






২০-০৫-২০২৪ তারিখে (সোমবার) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে "স্মার্ট বাংলাদেশ: চতুর্থ শিল্পবিপ্লব ও প্রযুক্তি নির্ভর সমাজ" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি প্রফেসর ড. মো. অলীউল আলম, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী; বিশেষ অতিথি জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী, পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন), বিসিসি; মূখ্য আলোচক জনাব মোঃ ওমর ফারুক সহযোগী অধ্যাপক কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী; জনাব মোঃ মহিনুল হাসান,অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয় রাজশাহী এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষক ও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক,বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় থেকে প্রশিক্ষণ সম্পন্নকারী কৃতী শিক্ষার্থীসহ  মোট ২৫ জন অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন জনাব সনৎ কুমার দাস, আঞ্চলিক পরিচালক, বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।

প্রধান অতিথির বক্তব্যঃ



উক্ত সেমিনারে প্রধান অতিথি বলেন স্মার্ট বাংলাদেশ: চতুর্থ শিল্পবিপ্লব ও প্রযুক্তি নির্ভর সমাজ বিনির্মাণে স্মার্ট কেন্দ্রিক মানুষিকতা তৈরি করতে হবে। বর্তমান বিশ্ব আধুনিকতায় ভরপুর। পুরো বিশ্ব যেন হাতের মুঠোয়। অন্ধকার যুগ কাটিয়ে আলোতে আলোকোজ্জ্বল হয়েছে আধুনিক বিশ্ব। ধাপে ধাপে এগিয়ে চলা বিশ্ব আজ ৪র্থ শিল্প বিপ্লবের সময়কাল অতিক্রম করছে।

আগামীর স্মার্ট বাংলাদেশের নাগরিক হিসেবে গড়ে ওঠতে হলে বিশ্বব্যবস্থার সাথে আমাদেরও খাপ খাইয়ে নিতে হবে। তথ্য-প্রযুক্তিনির্ভর উন্নত, সমৃদ্ধ দেশ হিসেবে বিশ্বের বুকে স্থান করে নেওয়ার মতো যোগ্যতা ও সক্ষমতা বাংলাদেশের রয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যঃ

চতুর্থ শিল্পবিপ্লরের যুগে সাইবার সিকিউরিটি, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিক্স, ন্যানো-বায়োটেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বিগ ডাটা, ইলেকট্রিক গাড়ি, পঞ্চম প্রজন্মের তারবিহীন প্রযুক্তি, ত্রিমাত্রিক প্রিন্টিং, ডিজিটাল মুদ্রাব্যবস্থা, ব্লকচেইন এবং প্রাত্যহিক জীবনে উচ্চ প্রযুক্তির ব্যবহার ইতোমধ্যে উন্নত বিশ্বে শুরু হয়ে গেছে বলে তিনি আলোচনা করেন।



অনুষ্ঠানে আগত বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষক ও বিভিন্ন সরকারি দপ্তরের অতিথিবৃন্দর ফটোচিত্রঃ




### সেমিনারে উল্লেখযোগ্য দিকঃ

স্মার্ট বাংলাদেশ: আইসিটি মাস্টারপ্ল্যান ২০৪১' তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে, যেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিকস, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংকস, ব্লকচেইন, ন্যানো টেকনোলজি, থ্রিডি প্রিন্টিংয়ের মতো আধুনিক ও নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্বালানি, স্বাস্থ্যসেবা, যোগাযোগ, কৃষি, শিক্ষা, বাণিজ্য, পরিবহন, পরিবেশ, অর্থনীতি, গভর্ন্যান্সসহ বিভিন্ন খাত অধিকতর দক্ষতার সঙ্গে পরিচালনা করা হবে। স্মার্ট বাংলাদেশ ২০৪১ রূপকল্পের কর্মপরিকল্পনায় স্থান পাচ্ছে তারুণ্যের মেধা, উদ্ভাবন ও সৃজনশীলতার বিকাশ এবং আধুনিক প্রযুক্তিতে দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে জ্ঞানভিত্তিক অর্থনীতি গড়ে তোলা এবং উদ্ভাবনী জাতি গঠন। চারটি মূল ভিত্তির ওপর নির্ভর করে ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে সরকারের উদ্যোগ অংশগ্রহণকারীদের অবহিত করা হয়।

### উপসংহারঃ

স্মার্ট বাংলাদেশের রূপরেখা সর্বত্র প্রযুক্তিনির্ভর। স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে সরকার ইতিমধ্যে বেশকিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছে, যার মধ্যে অন্যতম সিদ্ধান্ত হলো- ডিজিটাল ইনক্লুশন ফর ভালনারেবল এক্সেপশন (ডাইভ)-এর আওতায় আত্মকর্মসংস্থান ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ; 'ওয়ান স্টুডেন্ট, ওয়ান ল্যাপটপ, ওয়ান ড্রিম'-এর আওতায় শিক্ষার্থীদের অনলাইন শিক্ষা কার্যক্রম নিশ্চিত করা; স্মার্ট সরকার গড়ে তুলতে ডিজিটাল লিডারশিপ একাডেমি স্থাপন। রোবটিকস ও কৃত্রিম বুদ্ধিমত্তার এ যুগে আমাদের সামনে অনেক বড় চ্যালেঞ্জ রয়েছে, এতে কোনো সন্দেহ নেই। শ্রমনির্ভর আমাদের যে অর্থনীতি, তাতে প্রযুক্তিতে উন্নত দেশগুলোর সঙ্গে পাল্লা দিয়ে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে তার বিকল্প উপায় আমাদের খুঁজে বের করতে হবে। ধীরে ধীরে বিশ্বজুড়ে শ্রমনির্ভর কাজে যন্ত্রের ব্যবহার বাড়ছে এবং বাড়তে থাকবে। প্রযুক্তির এই উৎকর্ষের যুগে বিশ্বব্যবস্থায় টিকে থাকার জন্য, স্বল্পোন্নত থেকে উন্নত বাংলাদেশ বিনির্মাণে মেধা ও জ্ঞাননির্ভর অর্থনীতি কতটা কাংক্ষিত হয়ে উঠেছে, তা বলার অপেক্ষা রাখে না। এ জন্য প্রয়োজন দক্ষ ও কর্মঠ জনশক্তি। জ্ঞানভিত্তিক অর্থনীতি দ্রুত পরিবর্তনশীল। চতুর্থ শিল্প বিপ্লবের ফলে সারাবিশ্বের ন্যায় বাংলাদেশে উন্নয়নের অগ্রগতি সুস্পষ্ট দৃশ্যমান। দেশের অবকাঠামোগত উন্নয়ন অন্য রাষ্ট্রের কাছে ঈর্ষনীয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রগতির সকল সূচক উর্ধ্বমূখী।

### ৩.৬.২ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিসিসি রাজশাহীতে ই-স্বাক্ষর এর ব্যবহার শীর্ষক সেমিনারের প্রতিবেদন।

| নামঃ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ই-স্বাক্ষর এর ব্যবহার শীর্ষক সেমিনার |
|---|---|
| শুরুর তারিখঃ | ২৯.০৪.২০২৪ খ্রিঃ |
| সময়ঃ | সকাল ০৯.৪৫ ঘটিকায় থেকে বিকেল ০৪টা পর্যন্ত |
| স্থানঃ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি),<br><br>আঞ্চলিক কার্যালয়, রাজশাহী |






২৯শে এপ্রিল, ২০২৪ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক পরিচালক জনাব সনৎ কুমার দাস এর সভাপতিত্বে সরকারি-বেসরকারি পর্যায়ে ই-স্বাক্ষরের ব্যবহার সম্প্রসারণে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে e-sign এর ব্যবহার" -বিষয়ক দিন ব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নিবার্হী পরিচালক (গ্রেড-১), জনাব রণজিৎ কুমার। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, বিভাগীয় কমিশনার ,রাজশাহী।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন ড. অশোক কুমার রায়, পরিচালক (বিকেআইআইসিটি), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; জনাব মোঃ জাকির হোসেন বাচ্চু, সচিব (উপসচিব), বিসিসি; জনাব মোঃ মাহবুব করিম, ম্যানেজার(ইন্টার্ণশীপ), বিসিসি; জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, আঞ্চলিক পরিচালক, বিসিসি; ইঞ্জিঃ মোঃ ফিরোজ আলম, ইঞ্জিনিয়ার লেয়ার টু সার্ভিস ডেস্ক, বিসিসি; জনাব লায়লা আরজুমান বানু, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী; জনাব মোহাঃ আব্দুর রশিদ, মেইনটেন্যান্স এন্ড সাপোর্ট ইঞ্জিনিয়ার, ইনফো সরকার (ফেজ-২), জনাব মোঃ

তুহিন ইসলাম, প্রশিক্ষক (আইটি), সমাপ্ত এনডিডি প্রজেক্ট, জনাব নাজনীন আক্তার, এনডিডি কাম প্লেসমেন্ট অফিসার, সমাপ্ত এনডিডি প্রজেক্ট, বিসিসি প্রধান কার্যালয় থেকে আগত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং রাজশাহী বিভাগের ২৫টি বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক ও বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় থেকে প্রশিক্ষণ সম্পন্নকারী কৃতী শিক্ষার্থী এই কর্মশালায় অংশ গ্রহণ করেন।




উক্ত কর্মশালায় প্রধান অতিথি বলেন “ই-স্বাক্ষর ঠিকমতো চালু করতে পারলে আমাদের অফিসগুলোতে আরো নিরাপদ ও অথেনটিক ভাবে ফাইল আদান প্রদান করা সম্ভব হবে”। সভায় আরও জানানো হয় যে, বিসিসি’র প্রধান কার্যালয়ের পাশাপাশি আঞ্চলিক কার্যালয়সমূহ হতে ই-সাক্ষর সেবা প্রদান করা হচ্ছে।

অনুষ্ঠানের মূখ্য আলোচনায় বিস্তারিতভাবে ডিজিটাল সিগনেচার/ইলেক্ট্রনিক স্বাক্ষর সম্পর্কে সকল কর্মকর্তাদের অবহিত করেন বিসিসি সিএ টিম এর প্রতিনিধি মীর মোহাম্মদ নাহিদুল হাসান, সিএ ম্যানেজার, বিসিসি। তিনি বলেন সিগনেচার/ইলেক্ট্রনিক স্বাক্ষরে মূলত দুটি কি/পাসওয়ার্ড থাকে।একটি প্রাইভেট কি আর একটি পাবলিক কি। প্রাইভেট কী নিজের কাছে থাকে। কোন ডকুমেন্ট/ফাইল ডিজিটাল সাইন করা হলে তা আর  টেম্পারিং করার সুযোগ থাকে না। ডিজিটাল সিগনেচার সরকারী অফিস গুলোতে চালু করা হলে আরো নিরাপদ ও অথেনটিক ভাবে ফাইল আদান প্রদান করা সম্ভব হবে বলে বিসিসির সিএ টিম উল্লেখ করেন।

ই-স্বাক্ষর সম্পাদনের পর কোন ফাইল বা ডকুমেন্ট পাঠানো হলে, তার প্রেরক ও গ্রাহককে সহজেই সনাক্ত করা সম্ভব হয় । ফলে যেকোন ব্যাপারে দ্রুত আইনি পদক্ষেপ নেয়া যাবে । ফলে এ সংক্রান্ত সাইন কল করার মতো জালিয়াতি সমূহ সম্পূর্ণ রূপে বন্ধ হবে। ফলশ্রুতিতে ই-স্বাক্ষর ব্যবহারে স্মার্ট বাংলাদেশের সুফল জনগণ নিরাপদে গ্রহণ করতে পারবে।

অনুষ্ঠানে আগত বিভিন্ন সরকারি দপ্তরের অতিথিবৃন্দর ফটোচিত্রঃ








উপকরণঃ

উপকরণ হিসেবে সেমিনারে  নোটবুক, কলম,ফোল্ডার ইত্যদি প্রদান করা হয় এবং অতিথিবৃন্দরকে নাস্তা ও দুপুরের খাবার এবং সন্মানী ভাতা প্রদান করা হয়।

উপসংহারঃ

এক মাত্র সরকারি ই-স্বাক্ষর সেবা প্রদানকারী (CA) প্রতিষ্ঠান হিসেবে আইসিটি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল রাজশাহী আঞ্চলিক কার্যালয় কর্তৃক এই কর্মশালার আয়োজন করা হয়। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট হলো ই-স্বাক্ষর। ই- স্বাক্ষর যেকোন ধরণের সার্টিফিকেট ইস্যুতে, যেকোন দলিল, ই-মেইল, ওয়েবসাইট, ই-কমার্স, আর্থিক লেনদেন ইত্যাদি জায়গায় ব্যবহার করা যায়।

## ৩.৬.৩ প্রোগ্রামিং প্রতিযোগিতা

### ৩.৬.৩.১ বিসিসি, আঞ্চলিক কার্যালয় রাজশাহী এর আয়োজনে প্রথমবারের মতো স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৪ এর পরিবীক্ষণ ও মূল্যায়ণ প্রতিবেদন

স্মার্ট বাংলাদেশ বিনির্মান ও স্কুল ও কলেজ শিক্ষার্থীদের চিন্তাধারার বিকাশ সাধনের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আঞ্চলিক কার্যালয়, রাজশাহী -এ প্রথমবারের মত প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রধান কার্যালয়ের নির্দেশনা ও তত্ত্বাবধানে এ উদ্যোগ সফলভাবে সম্পন্ন হয়।

প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটিসমুহ:

বাংলাদেশ কম্পিউটার প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে পোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন বিষয়ক নিম্নোক্ত কমিটি গঠন করা হয়:

| ক্রমিক নং | কর্মকর্তা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ জফরুল আলম খান ,<br>পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বিসিসি | আহ্বায়ক |
| ২. | জনাব মোঃ গোলাম রববানী,<br>ম্যানেজার (সিস্টেমস), প্রশিক্ষণ ও উন্নয়ন, বিসিসি | সদস্য |
| ৩. | জনাব সাজিদ তানভী শোভন | সদস্য |

| | | |
|---|---|---|
| | সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট প্রতিনিধি, জেলা প্রশাসন, রাজশাহী | |
| ৪. | জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম,<br>আঞ্চলিক পরিচালক, মানব সম্পদ ও সেবা, বিসিসি | সদস্য |
| ৫. | জনাব মধুসূদন চন্দ,<br>আঞ্চলিক পরিচালক, বিকেআইআইসিটি, বিসিসি | সদস্য |
| ৬. | জনাব মোসাঃ আকতার জাহান,<br>এনালিস্ট (সার্টিফিকেশন), প্রশিক্ষণ ও উন্নয়ন, বিসিসি | সদস্য |
| ৭. | ড. মু. ইকবাল আজীজ খান,অধ্যাপক,<br>কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ,<br>রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | সদস্য |
| ৮. | জনাব রুইয়া কাশেম<br>সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, রাজশাহী | সদস্য |
| ৯. | জনাব নাফিসা তাসনিম,<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, প্রশিক্ষণ ও উন্নয়ন, বিসিসি | সদস্য |
| ১০. | জনাব লায়লা আরজুমান বানু,<br>সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার আঞ্চলিক কার্যালয়, বিসিসি | সদস্য |
| ১১. | জনাব সনৎ কুমার দাস,<br>আঞ্চলিক পরিচালক, বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | সদস্য সচিব |

উক্ত প্রস্তুতিমূলক বিষয়ক সভায় বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজনে “প্রশ্নপত্র তৈরী ও বিচারক কমিটি” এবং একটি “সহযোগী কমিটি” গঠনের প্রস্তাব অনুমোদন হয়।

### প্রশ্নপত্র তৈরী ও বিচারক কমিটি:

| ক্রমিক নং | নাম/পদবী | সংস্থা |
|---|---|---|
| ১ | জনাব সনৎ কুমার দাস, আঞ্চলিক পরিচালক | বিসিসি, রাজশাহী |
| ২ | ড. মু. ইকবাল আজীজ খান অধ্যাপক | সিএসই বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| ৩ | জনাব সাজিদ তানভী শোভন<br>সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট | জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| ৪ | আর. এম. ইমতিয়াজ আলমপ্রভাষক, আইসিটি | রাজশাহী কলেজ, রাজশাহী |
| ৫ | অনিরূদ্ধ সরকার প্রভাষক, আইসিটি | নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী |

## সহযোগী কমিটি:

| ক্রমিক নং | নাম/পদবী | সংস্থা |
|---|---|---|
| ১ | জনাব লায়লা আরজুমান বানু<br>সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী |
| ২ | জনাব রুইয়া কাশেম<br>সহকারী প্রোগ্রামার | জেলা শিক্ষা অফিস, রাজশাহী |
| ৩ | জনাব মোঃ তুহিন ইসলাম ইনস্ট্রাক্টর (আইটি) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী |
| ৪ | জনাব আতোয়ার হোসেন<br>সিনিয়র শিক্ষক | গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, রাজশাহী |
| ৫ | জনাব হর প্রসাদ ঘরামী<br>সিনিয়র শিক্ষক | রাজশাহী ভোলানাথ বিশ্বেশ্বর হিন্দু একাডেমী, রাজশাহী |

## প্রতিযোগিতার ক্যাটাগরিঃ

প্রতিযোগিতার জন্য গঠিত নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে দুইটি ক্যাটাগরিতে (সিনিয়র ও জুনিয়র) প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিনিয়র ক্যাটাগরিতে ৯ম হতে ১২শ ও জুনিয়র ক্যাটাগরিতে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের আবেদন করার কথা বলা হয়। এছাড়া সিনিয়র ক্যাটাগরিতে প্রোগ্রামিং প্রতিযোগিতা জাতীয়/ আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড অনুসারে (সি প্রোগ্রামিং ভাষা) এবং জুনিয়র ক্যাটাগরিতে ম্যাথমেটিক্যাল এনালাইসিস/আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়।

## প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৪” এর প্রচার-প্রচারণাঃ-


প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতার প্রচার প্রচারণার জন্য বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় এর ওয়েবসাইট ও ফেসবুক পেজে বিজ্ঞপ্তি প্রচার করা হয়।রাজশাহী শহরের বিভিন্ন স্কুল কলেজে পত্র প্রেরণ ও ফেস্টুন স্থাপন করা হয়। ছাড়াও রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীরা বিভিন্ন স্কুল, কলেজে সশরীরে গিয়ে ছাত্রছাত্রীদের অবহিত করেন।











বিভিন্ন স্কুল, কলেজে প্রচারণার অংশবিশেষ

## রেজিট্রেশনঃ

অনলাইন গুগল ফর্মের মাধ্যমে প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতার রেজিস্ট্রেশনের আহবান করা হয়। রেজিস্ট্রেশনের শেষ সময় নির্ধারণ করা হয় ০৪/০৬/২০২৪, রাত ১১:৫৯ ঘটিকা।নির্ধারিত সময়ের মধ্যে সিনিয়র ক্যাটাগরিতে মোট ১১১ জন এবং জুনিয়র ক্যাটাগরিতে ১৪৫ জন রেজিট্রেশন সম্পন্ন করে। রেজিট্রেশন সম্পন্ন কারীদের এসএমএস ও ফোন কলের মাধ্যমে প্রাক যাছাই পরীক্ষার সময় ও তারিখ জানানো হয়

## প্রাক-বাছাই পরীক্ষাঃ

বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয় কর্তৃক আয়োজিত প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৪ এ অংশগ্রহনের জন্য গুগল ফর্ম এর মাধ্যমে প্রতিযোগিদের রেজিস্ট্রেশনের আহবান করা হয়। রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে সিনিয়র ক্যাটাগরিতে ৬ জুন, ২০২৪ এবং জুনিয়র ক্যাটাগরিতে ৭ জুন ২০২৪ প্রাক-বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হয়। জুনিয়র ক্যাটাগরিতে সশরীরে এবং সিনিয়র ক্যাটাগরিতে https://vjudge.net/ অনলাইন প্লাটফর্মে প্রাক-বাছাই পরীক্ষা সম্পন্ন করা হয়।









*প্রাক-বাছাই পরীক্ষার অংশ বিশেষ*

## প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৪ (চূড়ান্ত প্রতিযোগিতা)

বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয় কর্তৃক আয়োজিত প্রোগ্রামিং প্রতিযোগিতা'র ফাইনাল রাউন্ড বিগত ০৮.০৬.২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। প্রথমেই জুনিয়র ক্যাটাগরির প্রতিযোগিতা সকাল ১০.০০-১১.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের তিনটি ল্যাবে অনুষ্ঠিত হয়। সিনিয়র ক্যাটাগরী'র প্রোগ্রামিং প্রতিযোগিতা দুপুর ১.৩০ হতে ০৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। https://vjudge.net/ প্লাটফর্ম ব্যবহার করে উক্ত প্রতিযোগিতা গ্রহণ করা হয়। প্রতিযোগিতার পুরস্কার হিসেবে জুনিয়র গ্রুপে (আইসিটি কুইজ প্রতিযোগিতা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের যথাক্রম পাঁচ হাজার, চার হাজার ও তিন হাজার টাকার প্রাইজবন্ড ও ক্রেস্ট দেয়া হয়। সিনিয়র গ্রুপে (প্রোগ্রামিং প্রতিযোগিতা) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের যথাক্রমে দশ হাজার, আট হাজার ও ছয় হাজার টাকার প্রাইজবন্ড ও ক্রেস্ট দেয়া হয়।













*চূড়ান্ত প্রতিযোগিতার অংশবিশেষ*

## সমাপনী ও পুরস্কার বিতরণঃ

প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান ০৮/০৬/২০২৪ ইং তারিখ বিকাল ৪.৩০টায় অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুব্রত প্রামানিক, চেয়াম্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে হিসাবে ছিলেন ড. মু.

ইকবাল আজীজ খান, অধ্যাপক, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। আরো উপস্থিত ছিলেন প্রকৌশলী মোঃ আমিনুল ইসলাম এডমিনিস্ট্রেটর (IP/VLAN/VPN) ও আঞ্চলিক পরিচালক আঞ্চলিক কার্যালয়, রংপুর; জনাব লায়লা আরজুমান বানু, সহকারী মেইন্টিন্যান্স ইঞ্জিনিয়ার ,আঞ্চলিক কার্যালয় রাজশাহী এবং বিভিন্ন কলেজ ও স্কুলের শিক্ষকবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অভিভাবকগণ। বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের পরিচালক, জনাব সনৎ কুমার দাস এর  সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালিত হয়।

সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ স্মার্ট বাংলাদেশের গড়ার জন্য আঞ্চলিক পর্যায়ে গৃহীত এ উদ্যোগের ভুয়োসী প্রশংসা করেন। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানকারী আঞ্চলিক পরিচালক, বিসিসি, রাজশাহী জনাব সনৎ কুমার দাস ভবিষ্যতেও সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব সুব্রত প্রামানিক, চেয়াম্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়; বলেন বিসিসি'র স্কুল কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে প্রোগ্রামিং প্রতিযোগীতার উদ্যোগ গ্রহণ করার জন্য বিসিসি, রাজশাহী আঞ্চলিক কার্যালয় এবং বিসিসি প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ এই কার্যক্রম নিয়মিত আয়োজনের জন্য বিসিসি কর্তৃপক্ষের প্রতি আশাবাদ ব্যক্ত করেন।


















## ৪. বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর সেবাসমূহ

### ৪.১ পরামর্শ সেবা

দেশের সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহের কার্যপদ্ধতি আরো উন্নত ও গতিশীল করতে তথ্য প্রযুক্তির ব্যবহার অত্যন্ত সহায়ক। বিগত কয়েক বছরে সরকারি পর্যায়ে কম্পিউটারায়ন কার্যক্রমে গতি সঞ্চারের জন্য এ পদক্ষেপ অত্যন্ত সময়োপযোগী। সরকারি বিভাগ ও সংস্থাসমূহে এ কার্যক্রমকে সফল করে তোলার জন্য বিশেষজ্ঞ এবং তথ্য প্রযুক্তি ক্ষেত্রে দক্ষ জনবলের ঘাটতি রয়েছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কম্পিউটারায়নে এ সকল বিভাগ ও সংস্থাকে বিশেষজ্ঞ পর্যায়ের পরামর্শ ও সেবা দিয়ে থাকে।

বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয় রাজশাহী ও তার পার্শ্ববর্তী জেলাসমূহের সমস্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত অফিসের জন্য নিম্নলিখিত আইসিটি সম্পর্কিত পরামর্শ পরিসেবা প্রদান করে

- কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার সংগ্রহের জন্য দরপত্র নথি প্রস্তুতকরণ;
- কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার জন্য দরপত্র নথি মূল্যায়ন;
- পেশাদার কম্পিউটার সম্পর্কিত জনবল নিয়োগের জন্য পরীক্ষার ব্যবস্থা;
- কম্পিউটার ও কম্পিউটার সংক্রান্ত যন্ত্রপাতির অকেজো ঘোষণা;
- অটোমেশনের জন্য হার্ডওয়্যার এবং সফটওয়্যারের প্রয়োজনীয়তা নির্ধারণ;

- আইসিটি সম্পর্কিত জনবলের জন্য অর্গানোগ্রাম প্রণয়ন;
- ই-গভার্ণমেন্ট বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থা/দপ্তরের কৌশলগত ক্ষমাতায়নে সহায়তা;
- বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইট এবং কাস্টমাইজড সফটওয়্যার তৈরি;
- আইসিটি সেক্টর সম্পর্কিত অন্য কোন সহায়তা।

## ৪.২ ল্যাব ভাড়া

বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট ও জেনারেটর সুবিধাসহ তিনটি অত্যাধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত কম্পিউটার ল্যাব রয়েছে। বিভিন্ন সরকারি/বেসরকারি/প্রকল্প অফিসের প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ল্যাব ভাড়া নিতে পারে। কোনো প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে নিয়োগ পরীক্ষা, কম্পিউটার টেস্ট, স্ট্যান্ডার্ড এপটিটিউড টেস্ট ইত্যাদি পরিচালনার জন্যও ল্যাব ভাড়া নেয়ার সুব্যবস্থা রয়েছে। বিসিসি রাজশাহী কার্যালয়ের ল্যাব ভাড়ার তালিকা দেয়া হলো-

| সময়কাল | ভাড়া (দিন প্রতি) | সার্ভিস চার্জ | মোট |
|---|---|---|---|
| অর্ধ দিবস | ৪,২০০.০০ | ১,০০০.০০ | ৫,২০০.০০ |
| পূর্ণ দিবস | ৭,০০০.০০ | ১,০০০.০০ | ৮,০০০.০০ |

## ৪.৩ জাতীয় নেটওয়ার্ক কানেক্টিভিটি ও ভিডিও কনফারেন্স নিরবিচ্ছিন্ন রাখার কারিগরি সেবা

সরকার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের ব্রডব্যান্ড লাইনের সক্ষমতা বাড়ানোর উদ্যোগ নিয়েছে। উচ্চগতির নেটওয়ার্ক কানেক্টিভিটি বাড়াতে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার তৃতীয় পর্যায়) শীর্ষক প্রকল্পটি দেশের প্রায় ২৬০০ ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট সেবা দিয়েছে। এছাড়া বাংলাদেশের দূর্গম স্থানে ইন্টারনেটের সুবিধা পৌঁছাতে বিসিসি গ্রহণ করেছে টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রন্ডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) নামক প্রকল্প। বিসিসি এই প্রকল্পের আওতায় দেশের টেলিযোগাযোগ সুবিধাবঞ্চিত দুর্গম ৬১৭টি ইউনিয়নে ইন্টারনেটের সুবিধা নিশ্চিতকরণের জন্য ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন করছে। এছাড়া বাংলা গভঃ প্রকল্প, ইনফো-সরকার ২ প্রকল্প, বিটিসিএল, বিসিএসসিএল, বিএসসিসিএল এর মাধ্যমে দেশের সকল গুরুত্বপূর্ণ অফিস আদালত থেকে শুরু করে দূর্গম চর অঞ্চল পর্যন্ত ইন্টারনেট সেবা পৌঁছানোর কাজ প্রায় শেষের পথে।

বাংলাদেশের সকল সরকারি দপ্তরের সিকিউরড যোগাযোগে এই ব্যাকবোন নেটওয়ার্ক মনিটরিং করে বিসিসি। বিসিসির সকল আঞ্চলিক কার্যালয়ে এই নেটওয়ার্ক মনিটরিং এর জন্য একজন মেইনটেন্যান্স সাপোর্ট ইঞ্জিনিয়ার নিযুক্ত আছেন।

ইনফোসরকার-২ প্রকল্পের মাধ্যমে সকল সরকারি দপ্তর একটি একীভূত নেটওয়ার্কে সংযুক্ত করেছে। এর মধ্যে আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর অধীনে ২৪৫০টি (রাজশাহী-৩৭৫, চাঁপাইনবাবগঞ্জ-২০৫, নওগাঁ-৩৮৭, নাটোর-২৩৬, জয়পুরহাট-২০৬, পাবনা-৩২৮, সিরাজগঞ্জ-২৯৫, বগুড়া-৪২৮) সংযোগ রয়েছে। যার প্রাথমিক সাপোর্ট ও মনিটরিংসহ বিভিন্ন পর্যায়ে রাজশাহী আঞ্চলিক কার্যালয় সহায়তা করে আসছে।

সরকার গুরুত্বপূর্ণ সভা/সেমিনার/মিটিং সমূহ একটি সিকিউরড নেটওয়ার্কের মাধ্যমে সম্পন্ন করার জন্য বিসিসির উদ্যোগে দেশের সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস ভিডিও কনফারেন্সিং সিস্টেমস এর আওতাভুক্ত করা হয়েছে। সরকারি অনলাইন কনফারেন্স চলাকালে বিসিসি মেইনটেন্যান্স সাপোর্ট দিয়ে থাকে। মাঠ পর্যায়ে মূলত জেলা প্রশাসক ও উপজেলা

নির্বাহী অফিসারের কার্যালয়ে এসব সিস্টেম স্থাপন করা হয়েছে। বিসিসি রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আওতায় মোট ৯৯টি ভিডিও কনফারেন্সিং সিস্টেমস রয়েছে।

| জেলা | VC সিস্টেম এর অবস্থান | VC সিস্টেম এর সংখ্যা |
|---|---|---|
| রাজশাহী | Div Com, Dc Office, UNO Office (9), BCC, TTC, Polytechnic Institute, HSTTI, Postal Academy, Rajshahi, PTI | ১৯ |
| চাঁপাইনবাবগঞ্জ | DC office, UNO Office (5), Polytechnic Institute, Danonchok PTI (Shibganj Upazila) PTI | ৯ |
| নাটোর | DC Office, UNO Office (7), PTI | ৯ |
| নওগাঁ | DC Office, UNO Office (11), Polytechnic Institute, PTI | ১৪ |
| জয়পুরহাট | DC Office, UNO Office (5), PTI | ৭ |
| সিরাজগঞ্জ | DC Office, UNO Office (8), Polytechnic Institute, PTI | ১১ |
| বগুড়া | DC Office, UNO Office (12), Polytechnic Institute, Academy, PTI (2) | ১৭ |
| পাবনা | DC Office, UNO Office (9), Polytechnic Institute, TTC, PTI | ১৩ |
| মোট | | ৯৯ |

## ২০২৩-২০২৪ অর্থ বছরে বিসিসি রাজশাহী থেকে নেটওয়ার্ক সাপোর্ট ও VC সাপোর্ট এর তথ্য

| মাস | নেটওয়ার্ক সাপোর্ট | VC সাপোর্ট |
|---|---|---|
| জুলাই ২০২৩ | ৮১ | ১ |
| আগস্ট ২০২৩ | ৭২ | - |
| সেপ্টেম্বর ২০২৩ | ৬৯ | - |
| অক্টোবর ২০২৩ | ৭৫ | - |
| নভেম্বর ২০২৩ | ৭৭ | ৯ |
| ডিসেম্বর ২০২৩ | ৬৪ | - |
| জানুয়ারি ২০২৪ | ৮১ | ৮ |

| | | |
|---|---|---|
| ফেব্রুয়ারি ২০২৪ | ৬৮ | ২ |
| মার্চ ২০২৪ | ৭৪ | - |
| এপ্রিল ২০২৪ | ৭০ | ১৬ |
| মে ২০২৪ | ৮২ | - |
| জুন ২০২৪ | ৮৫ | - |

## ৫ বিভিন্ন জাতীয় দিবস সমূহ পালন

| | |
|---|---|
| ১৬ ডিসেম্বর | মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর পক্ষ থেকে সকল শহিদ ও বীর মুক্তিযোদ্ধা দের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন |









| | |
|---|---|
| ২১শে ফেব্রুয়ারী | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর পক্ষ থেকে সকল ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন |











| | |
|---|---|
| ২৬ শে মার্চ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে বিসিসি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর পক্ষ থেকে সকল শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন |



